



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বোয়ালমারী, ফরিদপুর।  
[www.boalmari.faridpur.gov.bd](http://www.boalmari.faridpur.gov.bd)



স্মারক নং ০৫.১২.২৯১৮.০০১.০১.০৫৬.২২-১৫৮

তারিখ : ০৩/০৩/২০২২ খ্রি।

### উন্নত নিলাম বিভাগ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলার বোয়ালমারী মেল স্টেশন হতে রাজ প্রাজা পর্যন্ত রাস্তা বোয়ালমারী পৌরসভা কর্তৃক প্রশংসকরণের লক্ষ্যে রাস্তার পার্শ্ববর্তী ৬০(ষাট) টি মেহগনি গাছ কর্তনের অনুমাদন প্রাপ্তির নিমিত্ত বোয়ালমারী পৌরসভার আরক নং- বোয়াপৌ/ফরিদ/প্রশা/২০০৫/৮৭/২৯৭; তারিখ: ২০/০৮/২০২০ খ্রি। এর আবেদনের পরিপ্রেক্ষিতে ছানীয় সরকার বিভাগ, ছানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর ০৪ অক্টোবর, ২০২১ খ্রি। তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০১.১৭.৮৭৮ নং স্মারকপত্রের মাধ্যমে অনুমতি প্রদান করে এবং জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর এর ২১ অক্টোবর ২০২১ খ্রি। তারিখের ০৫.১২.২৯০০. ০১০.০০৮.১৮-৫২২ নং স্মারকপত্রে অনুমতি প্রদান করা হয়েছে। উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, জেলা কর্যালয়, ফরিদপুর এর ১৯ ডিসেম্বর ২০২১ খ্রি। তারিখের ২২.০২.২৯০০.১৪৫.১১.০৭.২১.৬০৪ নং স্মারক পত্রের মাধ্যমে উক্ত গাছসমূহ কর্তনের বিষয়ে প্রয়োজনীয় মতান্তর পাওয়া যায়। উক্ত গাছসমূহের মধ্যে ২১টি গাছ জেলা প্রশাসক, ফরিদপুর এর নামে রেকর্ডে সম্পত্তির উপর এবং অবশিষ্ট ৩৯টি গাছ উপজেলা পরিষদ, বোয়ালমারী এর নামে রেকর্ডে সম্পত্তির উপর অবস্থিত। উল্লিখিত উন্নয়ন প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের নামে রেকর্ডে সম্পত্তির উপর অবস্থিত ৩৯টি গাছ জরুরী ভিত্তিতে নিলামের মাধ্যমে অপসারণ করার নিমিত্ত উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন/মালিকানাধীন হানে অবস্থিত গাছ নিলামে বিক্রয় কর্মসূচির সভার সিদ্ধান্ত মোতাবেক, বর্ণিত গাছসমূহ বেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায়ই আগামী ১৪/০৩/২০২২ খ্রি। তারিখ বেলা ১২:০০ ঘটিকার উপজেলা পরিষদ হলরুম, বোয়ালমারী, ফরিদপুর-এ খেলা নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় করা হবে। আর্থিক ব্যবসায়ী/ঠিকাদার/প্রতিষ্ঠান/ব্যক্তিদের নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত হয়ে খেলা নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য আহ্বান করা হলো।

### নিলাম শর্তাবলি:

- ১। নিলামে অংশগ্রহণকারীকে অংশগ্রহণের পূর্বেই জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন/মালিকানাধীন হানে অবস্থিত গাছ নিলামে বিক্রয় কর্মসূচি, বোয়ালমারী, ফরিদপুর এর অনুকূলে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা নগদ/পে-অর্ডার জমা প্রদান পূর্বে উক্ত নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
- ২। যার ডাক গৃহীত হবে অর্থে সর্বোচ্চ ডাককারী, নিলাম ডাকমূল্যের উপরে অতিরিক্ত আয়কর ৫% এবং ভ্যাট ১৫% টাকা নগদ/সুনির্দিষ্ট সরকারি কোডে জমা প্রদান করে চালানের কপি নিলাম কর্মসূচির নিকট প্রদান করবেন।
- ৩। নিলাম ডাকের পরাপরই সর্বোচ্চ ডাককারীকে নিলাম মূল্যের সমূদয় অর্থ উপজেলা পরিষদের নামে রেকর্ডে সম্পত্তির উপর ৩৯টি গাছের নিলাম মূল্যের সমুদয় অর্থ নগদ/উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হিসাবে জমা প্রদান করে ব্যাক জমা স্লিপ নিলাম কর্তৃপক্ষের নিকট প্রদান করতে হবে। নিলামের দিনই সম্পূর্ণ অর্থ পরিশোধ করতে না পারলে তার জামানতের অর্থ বাজেয়াঙ্গ বলে গণ্য হবে।
- ৪। নিলামের দিনই নিলাম সংশ্লিষ্ট সম্পূর্ণ অর্থ নিলামপ্রাপ্ত ব্যবসায়ী/ঠিকাদার/প্রতিষ্ঠান/ব্যক্তি পরিশোধ করতে না পারলে তার নিলামপ্রাপ্তি বাতিল বলে গণ্য হবে এবং তার জামানতের অর্থ বাজেয়াঙ্গ বলে গণ্য হবে।
- ৫। নিলামে সর্বোচ্চ ডাককারী তথা নিলামপ্রাপ্ত ব্যবসায়ী/ঠিকাদার/প্রতিষ্ঠান/ব্যক্তি নিলামের দিনেই নিলাম মূল্য, আয়কর ও ভ্যাটের টাকা সম্পূর্ণ পরিশোধ করবেন।
- ৬। নিলাম সম্পত্তি হওয়ার পরবর্তী ১৪(চৌদ্দ) দিনের মধ্যে নিলামকৃত গাছ সমূহ সর্বোচ্চ ডাককারী তথা নিলামপ্রাপ্ত ব্যবসায়ী/ঠিকাদার/প্রতিষ্ঠান/ব্যক্তি কর্তৃক নিজ উদ্যোগ ও খরচে অপসারণ করতে হবে।
- ৭। নিলামে যেকোন এক ডাক হতে পরবর্তী ডাকের পার্থক্য কমপক্ষে ১০,০০০/- (দশ হাজার) টাকা হতে হবে।
- ৮। কর্তৃপক্ষ কোনোক্ষণে কারণ দর্শনে ব্যক্তিকে ডাক গ্রহণ বা বাতিলসহ নিলাম সংক্রান্ত যেকোন সিদ্ধান্ত গ্রহণ করার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।
- ৯। নিলাম সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ব্রিটিশ  
০৩/০৩/২০২২

(মোঃ রেজাউল করিম)

উপজেলা নির্বাহী অফিসার ও

সভাপতি

উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন/মালিকানাধীন হানে  
অবস্থিত গাছ নিলামে বিক্রয় কর্মসূচি,

বোয়ালমারী, ফরিদপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:-

- ০১) সিলিয়ার সচিব, ছানীয় সরকার বিভাগ, ছানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ০২) সচিব, ভূগ্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩) কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৪) জেলা প্রশাসক, ফরিদপুর।
- ০৫) উপপরিচালক, ছানীয় সরকার, ফরিদপুর।
- ০৬) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ফরিদপুর।
- ০৭) নির্বাহী প্রকৌশলী, ছানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ফরিদপুর।
- ০৮) বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, ফরিদপুর।
- ০৯) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালমারী, ফরিদপুর।
- ১০) মেরে, বোয়ালমারী পৌরসভা, বোয়ালমারী, ফরিদপুর।
- ১১) ..... সদস্য, উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন/মালিকানাধীন  
হানে অবস্থিত গাছ নিলামে বিক্রয় কর্মসূচি, বোয়ালমারী, ফরিদপুর।
- ১২) ..... বোয়ালমারী, ফরিদপুর।